W.B. HUMAN RIGHTS COMMISSION KOLKATA-27

File No.

/WBHRC/COM/2017

Date: 20. 01.2017

Enclosed is the news item appearing in 'Dainik Statesman' a Bengali daily dated 20.01.2017, captioned 'মহিলাকে বিবস্ত্র করে মারধর'

The Superintendent of Police, Malda is directed to furnish a report within four weeks i.e. 28.02.2017 enclosing thereto:-

- (a) Statement of the victim lady and her son;
- (b) Address and full particulars of the victim lady

(Justice Girish Chandra Gupta) Chairperson

> (Naparajit Mukherjee) Member

> > (M.S. Dwivedy) Member

Encl: News Item Dt. 20. 01. 17

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC.

মহিলাকে বিবস্ত্র করে মারধর

নিজস্ব সংবাদদাতা, মালদা, ১৯ জানুয়ারি— জমি মাফিয়াদের হাতে নিজের জমি ভুলে না দেওয়ায় এক ষাট উর্দ্ধো মহিলাকে গ্রামের রাস্তায় ফেলে বিবস্ত্র করে মারধর। মাকে-বাঁচাতে গিয়ে আক্রান্ত ছেলে। ঘটনাটি ঘটেছে বুধবার মালদার চাঁচোল থানা এলাকায় দ ঘটনায় আহত মা ও ছেলে অসপাতালে চিকিৎসাধীল মুটনার তদত্তে নেমেকে টান্ডালভথানার পুলিশান্তাহত কল্পেলর নাম জাহান্তীর মধ্যত কিইটা বাড়ি ওই এলাকায় 🛮 জাহাঙ্গীর এদিক হাসপাতালের বেডে শুয়ে জানান, তাদের চার বিঘা চাষযোগ্য জমি রয়েছে। ওই জমিতে কয়েক বছর ধরেই ভালো ফসল হচ্ছে। আর সেই জমির ফসল বিক্রি করেই তাদের সংসার চলে। এলাকার জমি মাফিয়া রিপন আলি দীর্ঘদিন ধরেই ওই জমির ওপর নজর দিয়েছে। আর যারফলে জমিটি বারবার জাহাঙ্গীরকে ছেড়ে দিতে বলছিল। এই নিয়ে বেশ কয়েকবার গ্রামের রাস্তায় ওই জমি নিয়ে জমি মাফিয়া রিপন আলি জাহাঙ্গীরকে হুমকিও দেয়। এদিন রাত্রিবেলা আবার রিপন মণ্ডল সেই জমিটিকে ছেড়ে দেওয়ার জন্য বাড়িতে এসে হমকিও দিয়ে যায়। বৃহস্পতিবার সকালবেলা ওই জমি মাফিয়া ও তার দলবল জাহাঙ্গীরের বাড়িতে চড়াও হয়ে জাহাঙ্গীরের মাকে রাস্তায় ফেলে ছেলের সামনে বিবস্ত্র করে মারধর শুরু করে। ঘটনা দেখতে-পেয়ে মাকে বাঁচাতে গেলে তারা মাকে ছেড়ে ছেলের ওপর চড়াও হয়ে লাঠি রড ও ধারাল অস্ত্র দিয়ে মারধর করতে থাকে। এতে ছেলে জাহাঙ্গীর গুরুতর আহত হয়। তাদের চিৎকার চেঁচামেচি শুনে গ্রামবাসীরা ছুটে আসতেই জমি মাফিয়া রিপন ও তার দলবল পালিয়ে যায়। গ্রামবাসীরা আহত মা ও ছেলেকে উদ্ধার করে স্থানীয় চাঁচোল গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখানে ছেলে জাহাঙ্গীরের আঘাত গুরুতর থাকায় মালদা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। এদিকে জাহাঙ্গীরের মা বৃহস্পতিবার দুপুরবেলা চাঁচোল থানায় রিপন আলি, ওয়াহাব আলি সহ ১০ জনের নামে চাঁচোল থানায় অভিযোগ দায়ের করেছে। চাঁচোল বিধানসভা কেন্দ্রের বিধায়ক আসিফ মেহেবুব জানান, ঘটনাটি অত্যন্ত দুঃখজনক। এই ধরনের ঘটনা বরদান্ত করা যায় না। স অবিলম্বে পুলিশকে ঘটনার তদন্ত করে দোষীদের ধরে শান্তির ব্যবস্থা করতে হবে। পুলিশ সূত্রে জানা গিয়েছে ঘটনার পর থেকে অভিযুক্তরা গা ঢাকা দিয়ে রয়েছে। তাদের খোঁজে তল্পাশি শুরু করেছে পুলিশ। যদিও গোটা ঘটনা নিয়ে জেলার পুলিশ সুপার অর্ণব ঘোষের কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।